গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং-৪১.০৩.০০০০.০৮১.৩২(৬).০৭০.২২- ৬৩৩(১)

তারিখ : ১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংগঠনসমূহে ২০২৩-২০২৪ অর্থবছরের অনুদান প্রদান

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংগঠনসমূহের অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে 'দৈনিক ইত্তেফাক', 'দৈনিক আমাদের সময়' এবং 'দৈনিক দেশ রূপান্তর' পত্রিকায় ২২.০৮.২০২৩ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে (বিজ্ঞপ্তি সংযুক্ত)। এ সম্পর্কিত নিয়মাবলী নিম্নরূপ :

১। তাঁর জেলার মোট বরাদ্দের পরিমাণ...............................................(..........................................................) এবং এ বরাদ্দের মধ্যেই সংগঠনের অনুকূলে অনুদান প্রদানের সুপারিশ করতে হবে;

২। অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী সংগঠনসমূহকে পরিষদ কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে ;

৩। পরিষদের ওয়েব সাইট (www.bnswc.gov.bd) হতে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। আবেদন ফরমের ফটোকপিও ব্যবহার করা যাবে ;

৪। রোগীকল্যাণ সমিতি, শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ, অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি এবং নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের ক্ষেত্রে 'আবেদন ফি' ১০০/-(একশত) টাকা;

৫। সংগঠনসমূহ কর্তৃক আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি.;

৬। 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুযায়ী আবেদনপত্রসমূহ প্রক্রিয়াকরণের সময়সূচি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| (ক) | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে জমা দেয়ার সর্বশেষ তারিখ | ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি. |
| (খ) | আবেদনপত্রসমূহে উপজেলা সমাজকল্যাণ কমিটি/শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদের মতামতসহ জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালকের নিকট জমা দেয়ার সর্বশেষ তারিখ | ৩০ নভেম্বর, ২০২৩ খ্রি. |
| (গ) | জেলা সমাজকল্যাণ কমিটির মতামতসহ সকল আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ | ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি. |

৭। নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত আবেদনপত্র অনুদানের জন্য বিবেচনা করা হবে না;

৮। অনুদান প্রদানের ক্ষেত্রে 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুসরণ করতে হবে;

(ক) আবেদনকারী সংগঠনকে অবশ্যই মোবাইল নম্বর; সংগঠনের অনলাইন ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখা, শাখার রাউটিং নাম্বার, ব্যাংক সনদসহ আবেদন করতে হবে। **উল্লেখ্য, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদান করা হবে। সেক্ষেত্রে আবশ্যিকভাবে রাউটিং নাম্বারসহ ব্যাংক হিসাব সংশ্লিষ্ট উল্লিখিত সকল তথ্য আবেদনের সাথে প্রদান করতে হবে। অন্যথায়, অনুদানের জন্য উক্ত সংগঠনকে বিবেচনা করা হবে না।**

(খ) আবেদনপত্রসমূহ প্রক্রিয়াকরণের সময়সূচি অনুযায়ী যথাসময়ে উপজেলা ও জেলা সমাজকল্যাণ কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করতে হবে ;

(গ) নির্ধারিত সময়ে আবেদনপত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ সংগঠনের বিপরীতে অনুদানের অর্থের পরিমাণ উল্লেখপূর্বক সুপারিশসহ পরিষদ কার্যালয়ে প্রেরণ করতে হবে; এবং

(ঘ) উপজেলা ও জেলায় প্রাপ্ত আবেদনপত্রসমূহ যথাযথভাবে পুংখানুপুংখরূপে যাচাই বাছাই করে 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুযায়ী অনুদানের সুপারিশ করতে হবে।

(চলমান/২)

মোঃ শহিদুল ইসলাম
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

৯। জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল আবেদন 'সংযুক্ত ছক' (পরিশিষ্ট- 'ক' ও 'খ') অনুযায়ী একীভূত বিবরণীসহ নিকস ফন্টে প্রস্তুত করে ই-মেইলে (bnswcbd@gmail.com) ও হার্ড কপি ০৩(তিন) সেট ৩১-১২-২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ট্রপিক্যাল হোমস, এনএমজি টাওয়ার (১২ তলা), ২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ এ ঠিকানায় বিশেষ বাহক মারফত/ডাকযোগে প্রেরণ করতে হবে;

১০। অসম্পূর্ণ এবং নীতিমালার পরিপন্থী আবেদনপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত;

১১। 'আবেদন ফি' বাবদ আদায়কৃত সমুদয় অর্থ নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে তালিকার সাথে প্রেরণ করতে হবে;

১২। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরের অনুদানের জন্য প্রাপ্ত আবেদন 'অনুদান বন্টন নীতিমালা-২০১১' অনুযায়ী বর্ণিত নিয়মাবলী/শর্তাবলীর আলোকে সুপারিশসহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

* পরিষদের ওয়েব সাইট : www.bnswc.gov.bd
* ই-মেইল : bnswcbd@gmail.com/ e.mail: es@bnswc.gov.bd
* ফোন নম্বর : ০২-২২২২২৮১২৫ (অফিস সময়)

সংযুক্ত: বর্ণনামতে.................... পাতা

২৮/০৮/২৩

মোঃ শহিদুল ইসলাম
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
ফোন: ০২-২২২২২৮১২৫
e.mail: es@bnswc.gov.bd

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
ও সদস্যসচিব
জেলা সমাজকল্যাণ কমিটি

.......................................

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
২। জেলা প্রশাসক ও সভাপতি জেলা সমাজকল্যাণ কমিটি, ..........................................................................।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় জ্ঞাতার্থে)।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৬। পরিচালক, সমাজসেবা অধিদপ্তর,..........................................................................................বিভাগ।
৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা/শহর সমাজসেবা কর্মকর্তা/হাসপাতাল সমাজসেবা কর্মকর্তা ........................................।
৮। কম্পিউটার/ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ (বিজ্ঞপ্তিসহ পত্রটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

পরিশিষ্ট-'ক'

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের জন্য অনুদানের আবেদনপত্রের একীভূত তালিকা **(অবশ্যই নিকস ফন্টে ও এক্সেল সিটে হতে হবে)**

| ক্র. নং | শহর সমাজসেবা / উপজেলার নাম | সংস্থার নাম, ঠিকানা, রেজি: নং ও তারিখ | মোবাইল নম্বর (আবশ্যক) | অনলাইন ব্যাংক হিসাবের নাম, নম্বর, ব্যাংকের নাম, শাখা ও শাখার রাউটিং নম্বর (ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদান করা হবে বিধায় আবশ্যিকভাবে প্রদান করতে হবে) | কি কার্যক্রমের জন্য অনুদান চাওয়া হয়েছে | নিবন্ধন হওয়ার পর সংস্থার বয়স (৩০.০৬.২০২৩ তারিখে) | সর্বশেষ অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত আছে কি? (হ্যাঁ/না) | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আছে কি? (হ্যাঁ/না) | পরিষদ হতে ২০২২-২০২৩ অর্থবছরে প্রাপ্ত অনুদানের পরিমাণ | জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে সুপারিশকৃত অনুদানে পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

পরিশিষ্ট-'খ'

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ/রোগীকল্যাণ সমিতি/ অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির জন্য অনুদানের আবেদনপত্রের একীভূত তালিকা **(অবশ্যই নিকস ফন্টে ও এক্সেল সিটে হতে হবে)**

| ক্র. নং | শহর সমাজসেবা / উপজেলার নাম | সমিতির নাম, ঠিকানা, রেজি: নং ও তারিখ | মোবাইল নম্বর (আবশ্যক) | অনলাইন ব্যাংক হিসাবের নাম, নম্বর, ব্যাংকের নাম, শাখা ও শাখার রাউটিং নম্বর (ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদান করা হবে বিধায় আবশ্যিকভাবে প্রদান করতে হবে) | কি কার্যক্রমের জন্য অনুদান চাওয়া হয়েছে | নিবন্ধন হওয়ার পর সংস্থার বয়স (৩০.০৬.২০২৩ তারিখে) | সর্বশেষ অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত আছে কি? (হ্যাঁ/না) | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আছে কি? (হ্যাঁ/না) | পরিষদ হতে ২০২২-২০২৩ অর্থবছরে প্রাপ্ত অনুদানের পরিমাণ | জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে সুপারিশকৃত অনুদানে পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

মো: শহিদুল ইসলাম
নির্বাহী সচিব
(যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়

দৈনিক আমাদের সময় ২২.০৮.২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং ৪১.০৩.০০০০.০৮১.৩২(৬).০৭০.২২-৬০৮

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

## নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২৩-২০২৪ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো।

| প্রতিষ্ঠানের ধরন | আবেদন জমার স্থান | আবেদন ফি ও ফরম নং |
|---|---|---|
| ক) জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে স্বীকৃতিপ্রাপ্ত) | নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ | ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার (ফরম-'ক') |
| খ) রোগীকল্যাণ সমিতি | সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় | ১০০/- (একশত) টাকা (ফরম-'খ') |
| গ) শহর সমাজ উন্নয়ন কার্যক্রম (ইউসিডি) | সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় | ১০০/- (একশত) টাকা (ফরম-'খ') |
| ঘ) অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি | সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় | ১০০/- (একশত) টাকা (ফরম-'খ') |
| ঙ) নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান | সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয় | ১০০/- (একশত) টাকা (ফরম-'গ') |

২। **আবেদন করার যোগ্যতা :**
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণমূলক কাজে অবদান রাখছে এমন নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠান।

৩। **আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :**
ক) ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের প্রতিবেদন;
খ) হালনাগাদ কার্যকরী কমিটির তালিকা;
গ) কার্যকরী কমিটি কর্তৃক অনুমোদিত বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের বিবরণী;
ঘ) নিবন্ধন সনদের কপি এবং বিগত বছরের নিরীক্ষা প্রতিবেদন;
ঙ) অনলাইন ব্যাংক হিসাবের নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখা, শাখার রাউটিং নম্বর সম্বলিত ব্যাংক সনদ।
উল্লেখ্য, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদানের জন্য আবশ্যিকভাবে ব্যাংক হিসাব সংশ্লিষ্ট উল্লিখিত সকল তথ্য আবেদনের সাথে প্রদান করতে হবে। অন্যথায়, অনুদানের জন্য উক্ত সংগঠনকে বিবেচনা করা হবে না।

৪। **আবেদন জমাদানের শেষ তারিখ : ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি.**
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েবসাইট www.bnswc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোনো আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ শহিদুল ইসলাম
নির্বাহী সচিব (যুগ্মসচিব)
ফোন : ০২২২২২২৮১২৫
ই-মেইল: es@bnswc.gov.bd

G-2089/08/23 (6×4)